

# 24th Meeting of the Working Mechanism for Consultation & Coordination on India-China Border Affairs

May 31, 2022

## ভারত-চিন সীমান্ত বিষয়ে পরামর্শ ও সমন্বয়ের জন্য কর্ম পদ্ধতির 24তম বৈঠক মে 31, 2022

ভারত-চিন সীমান্ত বিষয়ে পরামর্শ ও সমন্বয়ের জন্য কর্ম পদ্ধতি (ডব্লিউএমসিসি)র 24তম বৈঠক 31শে মে 2022 তারিখে অনুষ্ঠিত হয়েছে। ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের অতিরিক্ত সচিব (পূর্ব এশিয়া)। চিনের প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন চিনের বিদেশ বিষয়ক মন্ত্রকের সীমান্ত ও মহাসাগরীয় দপ্তরের মহা নির্দেশক।

2. দুই পক্ষ ভারত-চিন সীমান্তের পশ্চিমী ক্ষেত্রের প্রকৃত নিয়ন্ত্রণ রেখা (এলএসি) বরাবর পরিস্থিতি খতিয়ে দেখেছেন। তারা স্মরণ করেছেন যে, 2021-এর নভেম্বরে ডব্লিউএমসিসি-র শেষ বৈঠকের পর থেকে উভয় পক্ষ যথাক্রমে 2022-এর জানুয়ারি ও মার্চ মাসে উচ্চপদস্থ কমান্ডারদের 14তম ও 15 তম বৈঠক করেছে। চিনের বিদেশ মন্ত্রী হিজ এক্সেলেন্সি মিস্টার ওয়াং ঙিও 2022 সালে ভারত সফর করেছেন এবং ভারতের বিদেশমন্ত্রী ও জাতীয় সুরক্ষা উপদেষ্টার সাথে আলোচনা করেছেন।

3. দুইপক্ষ পূর্ব লাদাখের পশ্চিমী ক্ষেত্রে এলএসি বরাবর বর্তমান পরিস্থিতি নিয়ে মত বিনিময় করেছেন। দুই বিদেশমন্ত্রী যে নির্দেশ দিয়েছেন যে, দুই পক্ষের উচিত দ্বিপাক্ষিক সম্পর্কের স্বাভাবিক অবস্থাকে পুনরায় ফিরিয়ে আনার ক্ষেত্রে পরিস্থিতি তৈরি করার জন্য যতশীঘ্র সম্ভব এলএসি বরাবর বকেয়া বিষয়গুলির সমাধানের জন্য কূটনৈতিক এবং সামরিক চ্যানেলের মাধ্যমে আলোচনা চালিয়ে যাওয়া, তাতে তারা সম্মত হয়েছেন। এই পরিপ্রেক্ষিতে, বিদ্যমান দ্বিপাক্ষিক চুক্তি এবং প্রোটোকল অনুসারে পশ্চিমী ক্ষেত্রের এলএসি বরাবর সকল সংঘর্ষ পূর্ণ এলাকা থেকে সম্পূর্ণরূপে সৈন্য মোতায়েমকে সরিয়ে আনার উদ্দেশ্য অর্জন করার জন্য যত শীঘ্র সম্ভব উচ্চ পদস্থ কমান্ডারদের পরবর্তী(16 তম) বৈঠকের আয়োজন করার জন্য তারা সম্মত হয়েছেন।

নিউ দিল্লি

মে 31, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.